গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
চট্টগ্রাম মহানগর কার্যালয়
পরিবেশ ভবন, জাকির হোসেন রোড
ফয়েজ লেক এলাকা,খুলশী, চট্টগ্রাম -৪২০২
www.doe.gov.bd

# ছাড়পত্র নবায়ন

ছাড়পত্র নং: ২০-৩৫৯৩৩

পরিবেশগত ব্যবস্থাপনা নিশ্চিতকরণ সাপেক্ষে সংযুক্ত শর্তে নিম্নবর্ণিত প্রতিষ্ঠান/প্রকল্পের অনুকূলে ছাড়পত্র নবায়ন প্রদান করা হলো :

| | | |
|---|---|---|
| প্রতিষ্ঠান/প্রকল্পের নাম | : | Zant Accessories Ltd. |
| উদ্যোক্তার নাম | : | Md: Jahir uddin |
| সনাক্তকরণ নং | : | ৩৪৪০৭ |
| প্রতিষ্ঠান/প্রকল্পের কার্যক্রম | : | সুজ এক্সেসরিজ ফোম প্রস্তুত। |
| প্রতিষ্ঠান/প্রকল্পের শ্রেণী | : | Orange-B |
| প্রতিষ্ঠান/প্রকল্পের ঠিকানা | : | Plot 63A, Sector 3, KEPZ, Chittagong.,Patenga ,Chittagong Metro |
| প্রদানের তারিখ | : | ২৩ জানুয়ারি ২০২০ |
| মেয়াদ উত্তীর্ণের তারিখ | : | ১৯ জানুয়ারি ২০২১ |

এ ছাড়পত্র সনদের সাথে পৃথকভাবে সংযুক্ত প্রদত্ত শর্তাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে, অন্যথায় ছাড়পত্র বাতিল/ক্ষতিপূরণ আদায়সহ যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিঃদ্রঃ এটি একটি সিস্টেম জেনারেটেড ছাড়পত্র এবং এতে কোনোরূপ স্বাক্ষরের প্রয়োজন নেই।

ছাড়পত্রটি যাচাই করতে ভিজিট করুন: http://ecc.doe.gov.bd/certificate_verification



Scanned with CamScanner

## ছাড়পত্র নবায়ন এর জন্য প্রযোজ্য শর্তাবলী:

১ . কারখানাটির কোন কর্মকান্ড ও উৎপাদন প্রক্রিয়া দ্বারা কোনভাবেই পরিবেশ দূষণ করা যাবে না।

২ . কারখানায় সৃষ্ট সকল বর্জ্য পরিকল্পিত উপায়ে সংগ্রহ অথবা পরিশোধনপূর্বক তা স্বাস্থ্য ও পরিবেশসম্মতভাবে অপসারণের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

৩ . এ ছাড়পত্র কারখানায় শুধুমাত্র সুজ এক্সেসরীজ ফোম প্রস্তুত কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য হবে।

৪ . কারখানাটির বিরুদ্ধে ভবিষ্যতে পরিবেশ দূষণমূলক কোন অভিযোগ উত্থাপিত হলে ও অত্র দপ্তর কর্তৃক তা প্রমাণিত হলে অত্র দপ্তরের নির্দেশিত নিয়ন্ত্রণ/সংশোধনমূলক ব্যবস্থাদি (স্থানান্তর/কার্যক্রম বন্ধসহ) গ্রহণ করতে আপনার প্রতিষ্ঠান বাধ্য থাকবে।

৫ . কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলজ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

৬ . কারখানার উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোন প্রকার পরিবর্তণের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি/ছাড়পত্র প্রয়োজন হবে।

৭ . কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে।

৮ . পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। শ্রমিকদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করতে হবে এবং এতদসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে।

৯ . অগ্নি নির্বাপনকল্পে প্লান্টে যথোপযুক্ত ব্যবস্থাদি যথাঃ ফায়ার এক্সিট, ফোমিং কম্পাউন্ডসহ ফায়ার হাইড্রেন্ট, ইমারজেন্সি লাইট স্থাপন, ভূ-গর্ভস্থ জলাধারে সর্বদা পর্যাপ্ত পানি সংরক্ষণ ইত্যাদি ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

১০ . কারখানার শব্দ এবং তরল/বায়বীয় বর্জ্যের নিঃসরণ/নির্গমণ মাত্রা যথাক্রমে শব্দ দূষণ(নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা,১৯৯৭-এ বর্ণিত মানমাত্রার মধ্যে থাকতে হবে।

১১ . এ ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করেনা।

১২ . এই ছাড়পত্র মেয়াদ উত্তীর্ণের তারিখে উল্লেখিত সময়সীমা পর্যন্ত বহাল থাকবে এবং মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ ৩০(ত্রিশ) দিন পূর্বে নবায়নের জন্য ( প্রয়োজনীয় ফি ও প্রয়োজনীয় কাগজপত্রসহ যথা ফায়ার লাইসেন্স, ট্রেড লাইসেন্স) আবেদন করতে হবে।

১৩ . প্রতিষ্ঠানটির কার্যক্রম দ্বারা জনস্বার্থের ক্ষতি হলে তজ্জন্ন ক্ষতিপূরণ দিতে হবে। দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা কার্যকর না থাকলে এবং এর ফলে পরিবেশ ও প্রতিবেশের ক্ষতি হলে পলিউটার্স পে প্রিন্সিপাল অনুসারে ক্ষতিপূরণ ধার্য করা হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে ক্ষতিপূরণ দিতে হবে।

১৪ . ছাড়পত্রের মূলকপি প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। পরিবেশ অধিদপ্তরের এনফোর্সমেন্ট টিম, পরিদর্শক ও পরিদর্শনে ক্ষমতাপ্রাপ্ত অন্যান্য কর্মকর্তাগণ প্রতিষ্ঠান পরিদর্শনকালে ছাড়পত্র/নবায়নপত্র প্রদর্শন এবং প্রতিষ্ঠানের কার্যক্রম পরিদর্শনে সহযোগিতা করতে হবে।অন্যথায় ইস্যুকৃত ছাড়পত্র বাতিলসহ আইনগত ব্যবস্থা নেয়া হবে।

১৫ . বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন,১৯৯৫ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা,১৯৯৭-এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ ভঙ্গ করলে **Enforcement** করা হবে।



Scanned with CamScanner